



স্বাধীনতা সড়ক

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: <https://rc.gov.bd>

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.২০৩৭

তারিখঃ ১১ কার্তিক ১৪৩৩ বঃ
২৭ অক্টোবর ২০২৬ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

- ১। অনলাইনে প্রাথমিক আবেদন করার শেষ তারিখ: ০১/১১/২০২৬ থেকে ১৯/১১/২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত।
- ২। ফি এর পরিমাণ: টাকা ১০৯৫/- (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ১০০০.০০ + প্রসপেক্টাস ও ভর্তি নির্দেশিকা ৫০.০০ + অনলাইন ব্যাংকিং, আইসিটি ও ব্যবস্থাপনা ফি ৪৫.০০)
- ৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন:
 - (ক) রাজশাহী কলেজে আবেদনের পূর্বে শিক্ষার্থীকে প্রথমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের <http://ap.nu.edu.bd/nu-web/msapplication/preApplicationForm> লিংকে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে আবেদন করে Admission Roll যুক্ত Application Form ডাউনলোড করতে হবে। পূরণকৃত উক্ত আবেদনপত্র A4 (৮.৫ ইঞ্চি X ১১ ইঞ্চি) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নিতে হবে।
- ৩। কলেজে আবেদনপদ্ধতি:
 - ধাপ-১: রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে <https://rc.gov.bd/admission-formfillup/> লিংকে প্রবেশ করে সবুজ বর্ণের **Preli to Masters Application** বাটনে অথবা সরাসরি <http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/Masters1st> লিংকে ক্লিক করে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত **Admission Roll** নম্বর টাইপ করে **Next** করলে ভর্তির মূল ফরম উন্মুক্ত হবে।
 - ধাপ-২: উক্ত ফরমে নিজের পছন্দমতো একটি Password এবং সকল তথ্য সঠিকভাবে অত্যন্ত সাবধানতার সাথে পূরণ করতে হবে এবং নিজের পাসপোর্ট সাইজ ছবি (৫০ কিলোবাইটের কম সাইজের) আপলোড করে **Submit** করবে। এখানে শিক্ষার্থী একটি Reference ID পাবে। (পরবর্তী তথ্য যাচাই অথবা **Admission Confirmation Slip** ও **Admission Form** ডাউনলোড করার জন্য Reference ID ও Password সংরক্ষণ করে রাখতে হবে)।
(বিঃ দ্রঃ- **Submit** বাটন ক্লিক করার পর যদি প্রদত্ত তথ্যে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হয় তবে ফিস পরিশোধের পূর্বেই পুনরায় আবেদন করতে হবে।)
 - ধাপ-৩: শিক্ষার্থী তার সকল তথ্য যাচাই করে সঠিক থাকলে Rocket এর নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থী ১০৯৫.০০ টাকা প্রদান করবে। বিলার আইডি ৩০৪ এবং বিলার নম্বর **Admission Roll** ব্যবহার করতে হবে। ফি পরিশোধের সময়সীমা ২১/১১/২০২৬ খ্রিঃ পর্যন্ত।
 - ধাপ-৪: টাকা পরিশোধ সম্পূর্ণভাবে সফল হলে পেজটি রিফ্রেশ করে অথবা ধাপ-২ অনুসরণ করে **Admission Confirmation Slip** এবং **Admission Form** ডাউনলোড করতে হবে। Pay slip এবং Admission Form ডাউনলোড করে প্রয়োজনীয় সংখ্যক কপি প্রিন্ট করে রাখতে হবে। মনে রাখতে হবে আবেদনের তারিখ পার হয়ে গেলে Pay slip এবং Admission Form ডাউনলোড করা যাবে না।
(বিঃ দ্রঃ- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত **Admission Roll** এবং **Admission Confirmation Slip** এর Admission Roll নম্বরে গরমিল হলে পুনরায় আবেদন করা বাধ্যতামূলক।)

DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:

নিজ একাউন্ট ব্যবহারের জন্য	অন্যের একাউন্ট ব্যবহারের জন্য
ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল একাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।	ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল একাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।
খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন।	খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন।
গ) 1 (One) নং Self সিলেক্ট করুন।	গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)।
ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন।	ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন।
ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।	ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
চ) Bill No-এ আপনার Admission roll দিন।	চ) Bill No-এ আপনার Admission roll টি দিন।
ছ) নির্ধারিত টাকার টা, ১০৯৫.০০ পরিমাণ লিখুন।	ছ) নির্ধারিত টাকার টা, ১০৯৫.০০ পরিমাণ লিখুন।
জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।	জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে।	ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে।

**** রকেটের app পদ্ধতি ব্যবহার করেও ফি পরিশোধ করা যাবে।**

৩। আবেদনের যোগ্যতা

ক্রম নং	ভর্তিচ্ছু কোর্স ও বিষয়	কোর্সের মেয়াদকাল	ভর্তির ন্যূনতম যোগ্যতা
১	এম.এ বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, দর্শন, আরবি।	১ বছর	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরে পঠিত বিষয় হিসেবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.০ পেতে হবে।
২	এম.এস.এস অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজবিজ্ঞান		
৩	এম.বি.এস ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং।		জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে সিজিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।
৪	এম.এসসি গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, পরিসংখ্যান, ভূগোল, মনোবিজ্ঞান।		জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক(পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।

৪। ফলাফল ও মেধা তালিকা

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনকারী প্রার্থীদের স্নাতক (পাস) পর্যায়ে নিম্নরূপ হারে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা তৈরি করে বিষয় বরাদ্দ দেয়া হবে।

মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন

স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন	স্নাতক (পাস) পর্যায়ে সিজিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন	সর্বমোট নম্বর
$\frac{\text{প্রাপ্ত নম্বর}}{\text{সর্বমোট নম্বর}} \times ১০০$	$\frac{\text{প্রাপ্ত সিজিপিএ}}{\text{মোট স্কেল}} \times ১০০$	১০০

প্রয়োজনীয় কাগজপত্র জমাদান এবং প্রাথমিক আবেদন ডাউনলোড-এর সময়সূচি ও স্থান

অনলাইন প্রাথমিক আবেদন ডাউনলোড- এর সময়সূচি	প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের সময়সূচি	সময়	স্থান
১৯/১১/২০২৬ (রাত ১২ টা পর্যন্ত)	০২/১১/২০২৬ থেকে ২২/১১/২০২৬	সকাল ১০.০০ টা থেকে বেলা ২.০০ টা পর্যন্ত	রাজশাহী কলেজ লাইব্রেরি পূর্ব বারান্দা

স্বাক্ষর
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.২০৩৭(২৭)

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ ব:
২৭ অক্টোবর ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ২। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৩। আহ্বায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি কমিটি ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;
- ৫। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৭। নথি সংরক্ষণ।

স্বাক্ষর
২৭/১০/২০২৬
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।